



তারিখঃ ২৭/১১/২০১৯

ইউনিট-১ (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)
২০১৯-২০২০ শিক্ষাবর্ষ
২য় মাইগ্রেশন এবং ৩য় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ইউনিট-১ (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত ছাত্র-ছাত্রীদের চয়েজ ফরম অনুযায়ী ৩য় মেধা তালিকা ও ২য় মাইগ্রেশন তালিকা প্রকাশ করা হলো। উক্ত শিক্ষার্থীদের নিম্নলিখিত তারিখ অনুযায়ী ভর্তি ফি ও প্রয়োজনীয় সনদপত্রাদি জমা দিয়ে ভর্তির কাজ সম্পূর্ণ করতে হবে। নির্ধারিত সময়ে ভর্তি না হলে তাঁর আসনটি শূণ্য বলে বিবেচিত হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

মনোনয়নপ্রাপ্ত বিভাগে যে সকল সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে:

- ওয়েবসাইট থেকে প্রিন্টকৃত এবং স্বাক্ষরিত আবেদন ফরম (স্বাক্ষর Admit Card এ প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ হতে হবে)।
- পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card
- SSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্রসহ প্রতিটির একটি করে ফটোকপি
- HSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ডসহ প্রতিটির একটি করে ফটোকপি
- সম্প্রতি তোলা ২কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি

বিঃদ্রঃ ক) উল্লিখিত সনদ ও কাগজপত্র মনোনয়নপ্রাপ্ত বিভাগে নির্ধারিত তারিখে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে স্ব-শরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে। একজনের ফরম ও কাগজপত্র কোন অবস্থাতেই অন্যজন জমা দিতে পারবে না।

খ) শুক্রবার ও শনিবার সকাল ১০:০০ টা থেকে ১২:০০ টা ও দুপুর ৩:০০ থেকে ৫:০০ টা এবং অন্যান্য দিনগুলোতে সকাল ৯:০০ টা থেকে ৩:০০ টা পর্যন্ত সকল সনদসহ কাগজপত্র জমা দেয়া যাবে।

গ) মাইগ্রেশন তালিকায় যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের বর্তমানে কোন করণীয় নেই। সংশ্লিষ্ট বিভাগ এ সম্পর্কিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) মেধা তালিকা অনুযায়ী প্রাপ্ত বিভাগে ভর্তির পর আসন খালি থাকা ও যোগ্যতা থাকা সাপেক্ষে শিক্ষার্থীর বিষয় পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে (অটোমাইগ্রেশন) বিষয় পরিবর্তন হবে। কোন শিক্ষার্থী আর মাইগ্রেশন না চাইলে ০২/১২/২০১৯ তারিখের মধ্যে মাইগ্রেশন বন্ধের জন্য ডিন অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত সময়ের মধ্যে সরাসরি ডিন অফিসে উপস্থিত হয়ে মাইগ্রেশন বন্ধের আবেদন না করলে পরবর্তীতে আর কোন আবেদন বিবেচনা করা হবে না এবং অটো মাইগ্রেশনের মধ্যে প্রাপ্ত বিষয়ই তাকে অধ্যয়ন করিতে হবে।

তালিকাভুক্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নলিখিত ছক অনুযায়ী সম্পন্ন করতে হবে

SureCash-এর মাধ্যমে ভর্তি ফি জমা দেয়ার তারিখ	প্রয়োজনীয় সনদপত্রাদি সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ
২৮/১১/২০১৯ থেকে ০১/১২/২০১৯	২৮/১১/২০১৯ থেকে ০২/১২/২০১৯

ধন্যবাদান্তে,



(অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ)

ডিন, বিজ্ঞান অনুষদ ও সমন্বয়ক, ইউনিট-১ (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০১৯-২০২০

জগন্নাথ বিশ্ববিদ্যালয়